গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**অধ্যক্ষের কার্যালয়**
রাজশাহী কলেজ, রাজশাহী।
e-mail: rcadmsn@gmail.com website: http://rc.gov.bd / http://rc.edu.bd
online news portal: http://rc.edu.bd/rcbarta

স্মারক নং: ৩৭.০২.৮১২২.১০১.২৫.১৮৫৫

তারিখ ১০ আশ্বিন ১৪৩২ বঙ্গাব্দ
২৫ সেপ্টেম্বর ২০২৫ খ্রি.

## ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে সর্বশেষ ৪র্থ পর্যায়ে চূড়ান্ত ভর্তির বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, রাজশাহী কলেজে একাদশ শ্রেণিতে (২০২৫-২০২৬ শিক্ষাবর্ষ) ভর্তির জন্য চূড়ান্তভাবে নির্বাচিত শিক্ষার্থীদের ভর্তি কার্যক্রম (চূড়ান্ত ফলাফল প্রকাশ হওয়া সাপেক্ষে) নিম্নবর্ণিত সময়সূচি অনুযায়ী পরিচালিত হবে। নির্ধারিত সময়সূচির মধ্যে ভর্তি হতে ব্যর্থ হলে তার মনোনয়ন বাতিল বলে গণ্য হবে। সংশ্লিষ্ট শিক্ষার্থী প্রকৃত তথ্য গোপন করলে তার মনোনয়ন বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

**ভর্তির সময়সূচি ও শর্তাবলি:**

১। **ভর্তি কার্যক্রম অনলাইনে সম্পন্ন হবে।**

২। চূড়ান্ত মেধা তালিকায় সাধারণ ও কোটায় ভর্তির জন্য নির্বাচিত শিক্ষার্থীদের আগামী ২৮/০৯/২০২৫ তারিখ থেকে ২৯/০৯/২০২৫ তারিখের মধ্যে DBBL এর মাধ্যমে ভর্তির ফি প্রদান করে (নিম্নবর্ণিত পদ্ধতি অনুসরণ করে) Confirmation Slip-সহ কাগজপত্র কলেজে জমা দিতে হবে।

৩। ভর্তি ফি:
বিজ্ঞান, ব্যবসায় শিক্ষা এবং মানবিক শাখার জন্য ভর্তি ফি ৩০২০/-(তিন হাজার বিশ) টাকা মাত্র। (২০/- টাকা অনলাইন ও DBBL ব্যাংকিং সার্ভিস চার্জ)

৪। **শিক্ষা কোটা (EQ) : শিক্ষা কোটায় (EQ) ভর্তির ক্ষেত্রে আগামী ২৯/০৯/২০২৫ (দুপুর ১২.০০ টায়) সরাসরি কলেজে উপস্থিত হয়ে কোটা সম্পর্কিত প্রমাণাদির মূল কাগজপত্র দাখিলপূর্বক কর্তৃপক্ষ কর্তৃক যাচাই করার পর তাকে একটি পাসওয়ার্ড দেওয়া হবে। তারপর ভর্তি হতে পারবে।**

ক) শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তির জন্য ন্যূনতম যোগ্যতা প্রমাণের জন্য এসএসসি পরীক্ষার নম্বরপত্র দাখিল করতে হবে;

খ) সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারী মহানগর/বিভাগ/জেলায় কর্মরত থাকবেন তাঁর সন্তান মহানগর/বিভাগ/জেলায় ভর্তির জন্য বিবেচিত হবেন। সন্তান ভর্তির সময় সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীকে তাঁর দপ্তর প্রধানের প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে। তবে কর্মকর্তা নিজস্ব দপ্তরের প্রধান হলে সেক্ষেত্রে তাঁর একধাপ উপরের উর্ধ্বতন কর্মকর্তার প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।

৫। **মুক্তিযোদ্ধা কোটায় ভর্তির ক্ষেত্রে শিক্ষার্থীদের ভর্তির জন্য আগামী ২৯/০৯/২০২৫ (দুপুর ১২.০০ টায়) সরাসরি কলেজে উপস্থিত হয়ে কোটা সম্পর্কিত প্রমাণাদির মূল কাগজপত্র দাখিলপূর্বক কর্তৃপক্ষ কর্তৃক যাচাই করার পর তাকে একটি পাসওয়ার্ড দেয়া হবে। তারপর ভর্তি হতে পারবে।**

**মুক্তিযোদ্ধা (FQ) কোটার ক্ষেত্রে**

৮। মুক্তিযোদ্ধা মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত মুক্তিযোদ্ধা সনদের ফটোকপি (প্রযোজ্য ক্ষেত্রে);
৯। মুক্তিযোদ্ধার জাতীয় পরিচয়পত্রের ফটোকপি এবং এসএসসির সনদের ফটোকপি;
১০। মুক্তিযোদ্ধা দাদা হলে শিক্ষার্থীর পিতার জাতীয় পরিচয়পত্রের ফটোকপি এবং পিতার এসএসসির সনদের ফটোকপি;
১১। মুক্তিযোদ্ধা নানা হলে 'মা'-এর জাতীয় পরিচয়পত্রের ফটোকপি এবং এসএসসির সনদের ফটোকপি বা এসএসসি (পাস) না হলে অনলাইন জন্মনিবন্ধনের মূল ও ফটোকপি ;
১২। **মুক্তিযোদ্ধার অনলাইন থেকে ডাউনলোডকৃত মুক্তিযোদ্ধার বিস্তারিত তথ্যের প্রিন্ট কপি;**
১৩। শিক্ষার্থীর জন্মনিবন্ধনের ফটোকপি;
১৪। গেজেট কপিতে যে পাতায় মুক্তিযোদ্ধার নাম উল্লেখ রয়েছে তার এক কপি ফটোকপি।

৬। **ভর্তি প্রক্রিয়া: নিম্নোক্ত ধাপসমূহ অনুসরণ করে একাদশ শ্রেণিতে ভর্তি হতে হবে।**

ক) রাজশাহী কলেজ http://rc.gov.bd অথবা http://rc.edu.bd ওয়েবসাইটের ওপরের ডানদিকে প্রদর্শিত ভর্তি/ফরমপূরণ বাটন প্রেস করে অনলাইনে ভর্তি ও ফরম পূরণের পেজে প্রবেশ করতে হবে।

খ) উক্ত পেজের HSC Related অংশে **HSC 1st Year Admission** (গাঢ় সবুজ বর্ণের) বাটন ক্লিক করে অথবা সরাসরি http://180.211.183.206/EasyCollegeMate/public/Admission/HSC লিংকে প্রবেশ করার পর নির্দেশাবলি পড়ে নিচে Click Here বাটন চেপে SSC পরীক্ষা সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য চেয়ে একটি ফরম উন্মুক্ত হবে। উক্ত ফরমে Admission Roll, Board, Passing Year এবং কোটায় ভর্তি হলে কোটা পাসওয়ার্ড দিয়ে Next বাটন চাপলে মূল ফরম উন্মুক্ত হবে। উক্ত ফরমে পছন্দসই পাসওয়ার্ড এবং ফরমে চাহিদা মোতাবেক প্রয়োজনীয় যাবতীয় তথ্য পূরণ করে Submit বাটন চাপলে একটি Ref. ID ও Password পাওয়া যাবে এবং Payment option আসবে। Payment option-এ উল্লিখিত টাকা DBBL এর মোবাইল একাউন্ট/রকেট একাউন্টের মাধ্যমে **(অনুচ্ছেদ ৬(গ) মোতাবেক)** প্রদান করলেই ভর্তি সম্পন্ন হবে।

**বি: দ্র: ১: অনলাইন ফর্মে সিকিউরিটি কোডের ঘরটি নির্ভুলভাবে পূরণ করতে হবে। যদি ভুল সিকিউরিটি কোড পূরণ করা হয় তার দায়িত্ব সংশ্লিষ্ট শিক্ষার্থী বহন করবে।**

গ) নিম্নোক্ত নিয়মাবলি অনুসরণ করে (DBBL) মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে আগামী ২৮/০৯/২০২৫ থেকে ২৯/০৯/২০২৫ তারিখ এর মধ্যে জমা দিতে হবে।

**DBBL মোবাইল ব্যাংকিং এর নিয়মাবলি:**

ক) যে সকল মোবাইলে DBBL মোবাইল এ্যাকাউন্ট আছে সেই মোবাইল থেকে *322# ডায়াল করে মেনুতে যান।
খ) '1' (One) নম্বর Bill Pay সিলেক্ট করুন।
গ) 1 (One) নম্বর Self সিলেক্ট করুন। অন্যের একান্ট থেকে হলে 2 (Two) নম্বর Others সিলেক্ট করুন এবং Payer's Mobile number দিন (শিক্ষার্থীর মোবাইল নম্বর)।
ঘ) 0 (Zero) নম্বর Others সিলেক্ট করুন।
ঙ) রাজশাহী কলেজের Biller ID '304' টাইপ করুন।
চ) Bill No-এ SSC এর রোল নম্বরটি ব্যবহার করুন।
ছ) টাকার পরিমাণ ৩০২০/- লিখুন।
জ) চার সংখ্যার 'পিন' টাইপ করুন।
ঝ) Ok অথবা Send বাটন ক্লিক করলে ১টি Trx ID নম্বর পাওয়া যাবে।

**** রকেট app পদ্ধতিতেও পেমেন্ট করা যাবে এবং ছাত্র-ছাত্রীর জন্য তা অনেক সহজ।**

ঘ। পেমেন্ট সম্পন্ন হলেই মোবাইলে একটি ভর্তি কনফার্মেশন মেসেজ আসবে এবং ভর্তি প্রক্রিয়া সম্পন্ন হবে। এরপর পেজ রিফ্রেশ করে অথবা পরবর্তীতে http://180.211.183.206/EasyCollegeMate/public/Admission/HSC লিংকে গিয়ে Admission Roll, Board, Passing Year এবং কোটায় ভর্তি হলে কোটা পাসওয়ার্ড দিয়ে Next বাটন চেপে অথবা Signin Button-এ ক্লিক করে Ref. ID ও Password দিয়ে Login করলে ভর্তির তথ্যযুক্ত ফরম উন্মুক্ত হবে এবং সেখান থেকে Admission Confirmation Slip ও Student Admission Form ডাউনলোড করতে হবে।

**৭। অনলাইনে পূরণকৃত আবেদনপত্রের সাথে অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্র জমাদানের নির্ধারিত তারিখ, সময় ও স্থানঃ-**

| গ্রুপ/বিভাগের নাম | জমাদানের তারিখ | সময় | জমাদানের স্থান |
|---|---|---|---|
| বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা | ২৮/০৯/২০২৫ থেকে ২৯/০৯/২০২৫ | সকাল ১০.০০ থেকে বেলা ২.০০ টা পর্যন্ত | শিক্ষক মিলনায়তন |

**৮। যে সকল কাগজপত্র জমা দিতে হবেঃ-**

জ) Confirmation Slip এর প্রিন্ট কপি;
ঝ) অনলাইনে পূরণকৃত ফর্মের প্রিন্ট কপি;
ঞ) এসএসসি'র মূল ট্রান্সক্রিপ্ট অথবা অনলাইন নম্বরপত্র ;
(এসএসসি'র মূল ট্রান্সক্রিপ্ট না থাকলে এসএসসি'র মূল এডমিট কার্ড ও রেজি: কার্ড)
ট) এসএসসি'র মূল প্রশংসাপত্র ;
ঠ) এসএসসি'র রেজি. কার্ড ও প্রবেশপত্রের ফটোকপি (১ সেট);
ড) সদ্য তোলা পাসপোর্ট সাইজের ১ টি রঙিন ছবি (দাগ বিহীন);
ঢ) কোটায় ভর্তির ক্ষেত্রে উপরে উল্লিখিত বিজ্ঞপ্তি মোতাবেক মূল কাগজপত্র ও ফটোকপি।

**নির্ধারিত সময়ের মধ্যে কাগজপত্র জমাদানে ব্যর্থ হলে ভর্তি বাতিল বলে গণ্য হবে।**

**শিক্ষার্থীদের কলেজের নির্ধারিত পোশাক পরিধান করে ক্লাসে উপস্থিত হতে হবে। পোশাকের নমুনা rc.gov.bd ওয়েবসাইট এবং কলেজ ফেসবুক পেজে দেয়া আছে।**

২৯/০৯/২৫

অধ্যক্ষ
রাজশাহী কলেজ, রাজশাহী।

২৯/০৯/২০২৫